



বগুড়ায় ছাত্রলীগ নেতাকর্মীদের মারপিট করে পুলিশ ও ছাত্রদল কলেজ থেকে বের করে দিয়েছে

বগুড়া, ১৫ এপ্রিল, নিম্ন স্বংবাদদাতা ॥ আগামী ৩০ এপ্রিল অনুষ্ঠিতব্য বগুড়া সরকারী শাহ সুদতান কলেজ ছাত্র সংসদ নির্বাচনের মনোনয়নপত্র ছাত্রলীগকে কিনতে দেয়নি পুলিশ ও ছাত্রদল ক্যাডাররা। মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনে সোমবার সকালে ছাত্রলীগ নেতাদের ওপর ক্ষমতাসীন দলের হামলার পর পুলিশ ক্যাডারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে উদ্ভীষ্ট ছাত্রলীগ নেতাদের বেদম মারপিট করে কলেজ ক্যাম্পাস থেকে বের করে দেয় বলে অভিযোগ করা হয়েছে।

জানা গেছে, ছাত্র সংসদ নির্বাচন উপলক্ষে গত কয়েক দিন ধরেই ক্ষমতাসীন দলের ক্যাডারা ছাত্রলীগ নেতাকর্মীকে বিভিন্নভাবে হুমকি দিয়ে নির্বাচনে অংশগ্রহণ থেকে বিরত থাকার জন্য বলে আসছিল। মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন সকালে কয়েক ছাত্রলীগ নেতা মনোনয়নপত্র সংগ্রহের জন্য কলেজ ক্যাম্পাসে যায়। মনোনয়নপত্র সংগ্রহের সময় হঠাৎ করে কয়েক ছাত্রদল ক্যাডার তাদের ওপর হামলা চালায় এবং ধস্তাধস্তি শুরু করে মনোনয়নপত্র নিতে বাধা দেয়। পরবর্তীতে ছাত্রদল ক্যাডাররা পুলিশ ডেকে এনে মনোনয়নপত্র ছিনিয়ে নেয়। এ পর্যায়ে সদর

ধানার এক দারোগাসহ কয়েক পুলিশ ছাত্রলীগ নেতা জুয়েল ও লিটনসহ আরও ৪/৫ জনকে বেদম মারপিট করে ক্যাম্পাস থেকে বের করে দেয় এবং কলেজে ছাত্রলীগ নেতাকর্মীদের না আসার জন্য হুমকি দেয় বলে ছাত্রলীগ অভিযোগ করেছে। তবে এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ জানায়, তাদের জানা মতে ছাত্রলীগ নেতাদের পুলিশ মারপিট করেনি তবে শান্তি ভঙ্গের আশঙ্কায় পুলিশ তাদের বের করে দিয়েছে। এদিকে সোমবার

বিকালে ছাত্রলীগ এক সাংবাদিক সম্মেলনে জোট সরকারের সন্ত্রাসী ও পুলিশ কর্তৃক ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর হামলার নিন্দা ও তীব্র প্রতিবাদ জানিয়েছে।

ছাত্র সংসদ নির্বাচনের মনোনয়নপত্র কিনতে দেয়নি

দুপচাঁচিয়ায় অপহৃত ব্যক্তির মুক্তি বগুড়ার দুপচাঁচিয়া উপজেলায় অপহৃত তিন ব্যক্তির মধ্যে রবিবার রাতে জামাল হোসেন (৩০) নামের এক অপহৃত ব্যক্তি মুক্তি পেয়েছে। জোর পুলিশী উৎপন্নতায় অপহরণকারীরা তাকে ছেড়ে দিতে বাধ্য হয় বলে জানা গেছে। উল্লেখ্য, গত ৭ থেকে ১১ এপ্রিল অপহরণকারী দুর্বৃত্তচক্র জামাল হোসেন ছাড়াও আজিজার ও মুনতুর নামের ৩ ব্যক্তিকে অপহরণ করে।